ঝিনাইদহে বসুন্ধরা শুভ সংঘের পরিচিতি সভা ও পিঠা উৎসব

‘শুভ কাজে সবার পাশে’ এই শ্লোগানে ঝিনাইদহ বসুন্ধরা শুভসংঘের নবনির্বাচিত কমিটির পরিচিতি সভা ও পিঠা উৎসব অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (৭ডিসেম্বর) বিকালে শহরের ফজর আলী গালর্স স্কুল এন্ড কলেজ মিলিনয়তনে এই সভা অনুষ্ঠিত হয়।

জেলা শুভসংঘের সভাপতি রেজাউল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন শুভসংঘের উপদেষ্টা পরিষদের সদস্য অধ্যক্ষ প্রদীপ কুমার বিশ্বাস, আব্দুল মতিন, অধ্যক্ষ জয়া রাণী চন্দ, সিনিয়র সহ সভাপতি সহকারী অধ্যাপক মোঃ শাহানুর আলম, সহকারী অধ্যাপক (অব:) কে এম সালেহ প্রমূখ। এসময় আরও উপস্থিত চিলেন সহসভাপতি সরস্বতী সাহা, তাপস কুমার কুণ্ডু, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ আব্দুল্লাহ, সাংগঠনিক সম্পাদক রুবেল হোসেন, সহসাংগঠনিক সম্পাদক সবুজ আহম্মেদ,দপ্তর সম্পাদক আল নাহিয়ান, নির্বাহী সদস্য খালিদ হাসান ও এখলাছুর রহমানসহ অন্যান্যরা। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন কেয়া রাণী প্রামানিক।

অনুষ্ঠানে পরিচিতি পর্বের পরে আলোচনা সভা ও পিঠা উৎসব অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় বক্তাগণ বলেন অতিতের ন্যায় আমাদের শ্লোগাণের সাথে সম্পর্ক রেখে আমাদের কাজ করতে হবে। শুভ কাজে সবাইকে পাশে নিয়ে কাজ করার অঙ্গিকার ব্যক্ত করেণ তারা।

মেহেরপুরে শিক্ষা প্রতিষ্ঠানে শুভ সংঘের বৃক্ষ রোপন

বসুন্ধরা-শুভসংঘ মেহেরপুর জেলা শাখার উদ্যোগে মেহেরপুরের কবি নজরুল শিক্ষা মঞ্জিলে বিভিন্ন প্রজাতির গাছের চারা রোপন করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে গুড়ি গুড়ি বৃষ্টির মধ্যে শুভ সংঘের সদস্যরা শিক্ষক ও শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে স্কুল প্রাঙ্গনে বাতাবি, পেয়ারা, দেশি আতা, কদমসহ বিভিন্ন প্রজাতির গাছের চারা রোপন কর্মসূচী পালন করে। ধারাবাহিকভাবে মেহেরপুরের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে গাছের চারা রোপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

বৃক্ষরোপনকালে কবি নজরুল শিক্ষা মঞ্জিলের প্রধান শিক্ষক সানজিদা খাতুন, সহকারী প্রধান শিক্ষক এনামুল হক, কালের কণ্ঠ মেহেরপুর জেলা প্রতিনিধি ইয়াদুল মোমিন, বসুন্ধরা শুভ মেহেরপুর জেলা শাখার সভাপতি সহকারী অধ্যাপক নুরুল আহমেদ, সাবেক সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগ, সহসভাপতি রফিকুল ইসলাম বকুল, সাংগঠনিক সম্পাদক আল মাসুম শেখ, কোষাধাক্ষ আসিফ ইকবাল শুভ, হাসানুজ্জামান, সদস্য আরিফুল ইসলাম উপস্থিত ছিলেন।

শুভসংঘের সভাপতি সহকারী অধ্যাপক নুর ইসলাম বলেন, ‘প্রাকৃতিক ভারসম্য রক্ষায় বৃক্ষরোপণের বিকল্প নেই। দেশের সর্ববৃহৎ শিল্প গোষ্ঠি বসুন্ধরা গ্রুপ সমাজের উন্নয়নে অনেক কর্মসূচি পালন করে থাকে। বসুন্ধরা-শুভ সংঘ অনেক সামাজিক কাজ করে থাকে, তারই অংশ হিসেবে আজকের এই বৃক্ষরোপণ কর্মসূচি। অমরা মেহেরপুরের সকল শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপণের চেষ্টা করব। আমি বসুন্ধরা গ্রুপ
- শুভসঙ্গ এবং এখানে উপস্থিত সকলকে ধন্যবাদ জানাচ্ছি’।

কবি নজরুল শিক্ষা মঞ্জিলের সহকারী প্রধান শিক্ষক এনামুল হক বলেন, ‘বৃক্ষরোপণ কর্মসূচির জন্য বসুন্ধরা-শুভসংঘর প্রতি কৃতজ্ঞতা জানাই। এ ধরনের কর্মসূচিতে তিনিও সম্পৃক্ত থাকতে চান।

প্রধান শিক্ষক সানজিদা ইসলাম বলেন, ‘বসুন্ধরা-শুভসংঘ আজ আমাদের শিক্ষা প্রতিষ্ঠানে যে বৃক্ষ রোপণ কর্মসূচির আয়োজন করেছে তার জন্য আমি খুবই আনন্দিত ও কৃতজ্ঞ। আমরা সবাই জানি ববৃক্ষরোপণের বিকল্প নেই। এটি শুধু সামাজিক দায়বদ্ধতাই না, এটা এক ধরনের সদকায়ে জারিয়া। আমি আশা করছি শুভসংঘ ভবিষ্যতেও এধরনের কর্মসূচি অব্যহত রাখবে।’

মেহেরপুরে তিন দরিদ্র শিক্ষার্থীর মাঝে শিক্ষা উপকরণ বিতরণ

‘শুভ কাজে সবার পাশে’ এ শ্লোগানকে ধারণ করে সামাজিক উদ্যোগের অংশ হিসেবে মেহেরপুরে তিন জন শিক্ষার্থীর মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করেছে শুভ সংঘ।

বুধবার দুপুর ১২ টার সময় মেহেরপুর সদর উপজেলার বামনপাড়ায় কাজি কুদরুতুল ইসলাম মাধ্যমিক বিদ্যালয়ের এ শিক্ষা উপকরণ বিতরণ করা হয়।

কালের কন্ঠ শুভ সংঘের মেহেরপুর জেলা শাখার সভাপতি সাংস্কৃতিক ব্যক্তিত্ব নুরুল আহমেদের সভাপতিত্বে শিক্ষা উপকরণ বিতরণ অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী প্রধান শিক্ষক শ্যামল কুমার হালদার।

মেহেরপুর শুভ সংঘের সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদ পলাশের সঞ্চালনায় অনুষ্ঠানে সংগঠনের সহ-সভাপতি ও জেলা রোভারের কোষাধ্যক্ষ রফিকুল আলম বকুল, যুগ্ম সাধারণ সম্পাদক বাদশা খান, সাজিদ ইসলাম, সাংগঠনিক সম্পাদক আল মাসুম শেখ, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক নাফিউল ইসলাম, প্রচার সম্পাদক ওবায়দুল্লাহ ও নির্বাহী সদস্য আবু রায়হান নিরব, তানজিমুল ইসলামসহ প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রতিষ্ঠানের বাছাইকৃত তিনজন শিক্ষার্থীকে কালের কন্ঠ শুভ সংঘের পক্ষ থেকে শিক্ষার্থীদের জন্য প্রয়োজনীয় বিভিন্ন শিক্ষা উপকরন বিতরণ করা হয়।

কুষ্টিয়ায় শুভ সংঘের উদ্যোগে মাস্ক বিতরণ ও বৃক্ষরোপন কর্মসূচী

“শুভকাজে সবার পাশে” দৈনিক কালের কন্ঠ পত্রিকার সহযোগী প্রতিষ্ঠান শুভ সংঘ কুষ্টিয়া জেলা শাখার উদ্যোগে করোনা ভাইরাস ও ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা ও শিক্ষার্থীদের মাঝে মাস্ক বিতরণসহ বিদ্যালয় আঙ্গিনায় বৃক্ষ রোপন করা হয়েছে। একই সাথে দুর্নীতি বিরোধী শপথ বাক্য পাঠ করা হয়।

বৃহস্পতিবার সকাল ১০টায় কুষ্টিয়া সদর উপজেলার দি ওল্ড কুষ্টিয়া হাইস্কুলে এসব কর্মসুচী পালন করা হয়।

দৈনিক কালের কন্ঠ পত্রিকার নিজস্ব প্রতিবেদক তারিকুল হক তারিকের সঞ্চালনায় বক্তব্য রাখেন দি ওল্ড কুষ্টিয়া হাইস্কুলের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) আশরাফুল হক উজ্জ্বল, শুভ সংঘের কুষ্টিয়া জেলা শাখার সাধারন সম্পাদক কাকলী খাতুন, প্রচার সম্পাদক এসএম জামাল, সদস্য তরুণ কুমার ঘোষ দিক নির্দেশনামুলক ও সচেতনতামুলক বক্তব্য রাখেন।

শুভ কাজে সবার পাশে থাকার প্রত্যয় ব্যক্ত করে বক্তারা বলেন, যার মধ্যে দেশপ্রেম ও সত্যিকারের ভালোবাসা আছে সে কখনো খারাপ হতে পারে না। তাই আসুন আমরা প্রতিদিন একটি করে ভালো কাজ করতে শিখি। আর এই ভালো কাজের মধ্য দিয়ে দেশকে ভালোবাসা যায়, সমাজকে ভালোবাসা যায়, পরিবারকে তথা সকলকেই ভালোবাসা যায়। সকল অসুন্দরকে রুখতে তরুণদের সবার আগে এগিয়ে আসতে হবে। কারণ, তরুণরাই আগামীতে নেতৃত্ব দেবে। তরুণদের আলোয় আলোকিত হতে হবে। তাহলেই সকল অসুন্দর থেকে নিজেকে ভালো রাখা যাবে এবং দেশের প্রতি আত্মার ভেতর থেকে ভালোবাসা তৈরি হবে।

পরে বিদ্যালয়ের পাঁচ শতাধিক শিক্ষার্থীদের মাঝে মাস্ক বিতরণ করা হয়। এছাড়াও বিদ্যালয় আঙ্গিনায় শোভাবর্ধনের জন্য বৃক্ষরোপন করা হয়। এরআগে বিদ্যালয়ের পাঁচ শতাধিক শিক্ষার্থীদের দুর্নীতি বিরোধী শপথ বাক্য পাঠ করান শুভ সংঘের কুষ্টিয়া জেলা শাখার সাংগঠনিক সম্পাদক মুনতাসীর আল মামুন।